

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির সভা'র কার্যবিবরণী

সভাপতি : মো: কাউছার মিয়া, উপজেলা মৎস্য কর্মকর্তা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
স্থান : সম্মেলন কক্ষ, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
তারিখ : ১০ জুলাই ২০২২ খ্রি. সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, ক্ষেত্র সহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ সভায় নিম্নোক্ত বিষয়ের উপর আলোচনা করেন।

১. উপজেলা দপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
২. পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ করা।

আলোচ্য বিষয় :

ক্ষেত্র সহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ আওতাধীন মাঠ পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এর উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর অত্র সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর ও ঢাকা বিভাগের ওয়েব পোর্টালে শুদ্ধাচার বিষয়ে প্রাপ্ত বিভিন্ন নির্দেশনা সমূহ সভায় উপস্থাপন করেন ও পাঠ করে শুনান।

সিদ্ধান্ত সমূহ:

- ১। উপজেলা দপ্তরের সকল কর্মচারীকে হাজিরা বহিতে আগমন ও প্রস্থানের সময় উল্লেখ করতে হবে;
- ২। কর্মস্থলে উপস্থিতির পর বহির্গমনের জন্য বহির্গমনের কারণ উল্লেখ পূর্বক বহির্গমন রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে; এবং
- ৩। উপজেলা ও তার আওতাধীন দপ্তরে বর্ণিত বিষয়াদি যথাযথভাবে পূরণ হচ্ছে কি না তা পরিদর্শনের জন্য নৈতিকতা কমিটিকে নির্দেশ প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



১০/০৭/২০২২

মো: কাউছার মিয়া
উপজেলা মৎস্য কর্মকর্তা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ
ও
সভাপতি
নৈতিকতা কমিটি, ২০২২-২৩
কিশোরগঞ্জ।

নং- ৩৩.০২.৪৮৭৯.৫০১.১৭.০৩৬.২০.২২.৫৯(৩)/(৭)

তারিখ: ১০.০৭.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ।
৪. জনাব
৫. অফিস কপি।



১০/০৭/২০২২

উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ